দৈনিক ইত্তেফাক

তারিখ 05 DEC 1995
পৃষ্ঠা ৩ কলাম ২

32

# রাজশাহী মহানগরীর পাঁচটি ওয়ার্ডে সরকারী প্রাথমিক বিদ্যালয় নাই

রাজশাহী অফিস ।। প্রায় ছয় লক্ষ জনসংখ্যার ৩০টি ওয়ার্ড লইয়া গঠিত রাজশাহী সিটি কর্পোরেশনের ৫টি ওয়ার্ডে কোন সরকারী প্রাথমিক স্কুল নাই। ফলে ৩, ৮, ১৮, ২২ ও ২৪ নং ওয়ার্ডে প্রাথমিক শিক্ষা গ্রহণের ক্ষেত্রে শিশুদের অসুবিধা হইতেছে।

অভিযোগে প্রকাশ, লোকজন এই সব ওয়ার্ডে সরকারী প্রাথমিক স্কুল স্থাপনের জন্য কর্তৃপক্ষের কাছে আবেদন জানানো সত্ত্বেও এ সম্পর্কে কোন তৎপরতা দেখা যাইতেছে না। ফলে তাহারা বাধ্য হইয়া দূরবর্তী অন্য ওয়ার্ডের সরকারী প্রাথমিক স্কুলে ছেলেমেয়েদের ভর্তি করাইয়াছে। কিন্তু ছেলেমেয়েদের স্কুল হইতে বাড়ী না ফেরা পর্যন্ত উদ্বিগ্ন থাকিতে হয়।

রাজশাহী মহানগরীতে সরকারী প্রাথমিক স্কুলের সংখ্যা ৪৭ ও বেসরকারী রেজিষ্টার্ড প্রাথমিক স্কুলের সংখ্যা ১০টি। বেসরকারী স্কুলগুলির অবস্থা অত্যন্ত শোচনীয়। শিক্ষক থাকিলেও স্কুলগুলিতে আসবাবপত্র ও অন্যান্য উপকরণের অভাব লাগিয়াই আছে। স্কুলগুলি সরকারীকরণ হইলে অনেক সমস্যা মিটিয়া যাইত।

রাজশাহী সিটি কর্পোরেশন কোন প্রাথমিক স্কুল পরিচালনা না করায় মহানগরীতে প্রাথমিক শিক্ষা সরকারী স্কুলের উপর নির্ভরশীল হইয়া পড়িয়াছে। কিন্তু সরকারী স্কুলের সংখ্যা বাড়ানো হইতেছে না। এদিকে ব্যাঙের

(১৫শ পৃঃ দ্রঃ)

## রাজশাহী মহানগরীতে

(৩য় পৃঃ পর)

ছাতার মত অসংখ্য কেজি স্কুল প্রতি বছর গজাইয়া উঠিতেছে। এগুলিও সমস্যা ভারাক্রান্ত। ছাত্রছাত্রীদের কাছ হইতে মোটা টাকা বেতন হিসাবে আদায় করা হইলেও তাহাদের পর্যাপ্ত সুযোগ সুবিধা দেওয়া হইতেছে না। স্কুলগুলি বাণিজ্যিক দৃষ্টিভঙ্গী লইয়া স্থাপিত হইতেছে।

এক তথ্যে জানা গিয়াছে, রাজশাহী মহানগরীতে প্রায় ৭৫ হাজার ছেলেমেয়ে প্রাথমিক স্কুলে লেখাপড়া করে। ইহার মধ্যে প্রায় ৪৫ হাজার ছাত্রছাত্রী সরকারী প্রাথমিক স্কুলে অধ্যয়ন করিতেছে। বলা হইয়াছে, সরকারী প্রাথমিক স্কুলের সংখ্যা বেশী হইলে এখানে শিক্ষিতের হার আরও বাড়িয়া যাইবে। জনসাধারণ প্রাথমিক অবস্থায় রাজশাহী সিটি কর্পোরেশনের প্রতিটি ওয়ার্ডে কম করিয়া হইলেও আরও দুইটি করিয়া নূতন সরকারী প্রাথমিক স্কুল স্থাপনের দাবী জানাইয়াছেন।